গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা

## জানুয়ারি মাসে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইউসুফ<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯-০১-২০২৪ |
| সভার সময় | সকাল ১১: ০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোন সংশোধনী না থাকায় গত ৩১-১২-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | গত ৩১-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ বা নিশ্চিত করা হলো। | |
| ২. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | মন্ত্রণালয়ের APA টিম লিডার যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, এপিএ'র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | নির্দেশনামতে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২.এপিএ টীম লিডার (নৌপম)। |
| ৩. | অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (প্রশাসন) কর্তৃক অনিষ্পন্ন কাজের তালিকা হার্ড নথিতে উপস্থাপন করা হয়েছে।<br><br>সভাপতি দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য পরামর্শ প্রদান করেন। | ছক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন কাজের তথ্য প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন) |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, দপ্তর/সংস্থার বর্তমানে সাধারণ আপত্তির মোট সংখ্যা = ৫৬৭টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা = ৯১৯টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা = ১৯০ টি, মোট আপত্তির সংখ্যা=১৬৭৬ ও জড়িত টাকা পরিমান = ১৭৮৭৮.৯৬২৮ (সতের হাজার আটশত আটাত্তর কোটি ছিয়ানব্বই লক্ষ আটাশ হাজার টাকা মাত্র)। মোট নিষ্পত্তি (অগ্রিম ৭টি)=৭টি, মোট নিষ্পত্তির পরিমাণ = ১৫ (পনের কোটি টাকা মাত্র )।<br><br>ত্রিপক্ষীয় সভায় দপ্তর/সংস্থার সুপারিশকৃত আপত্তিসমূহের প্রমাণকের আলোকে অডিট অধিদপ্তর হতে পর্যায়ক্রমে নিষ্পত্তিপত্র পাওয়া যাচ্ছে। ত্রিপক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে অনিষ্পন্ন SFI সহ কার্যপত্র দপ্তর/সংস্থা থেকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে সভা আয়োজন করা হবে মর্মে তিনি জানান। সভাপতি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br><br>২. উপসচিব, (অডিট) শাখা নৌপম। |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫. | দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য | সিনিয়র সহকারী সচিব (আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (ডিসেম্বর, ২০২৪) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬১৮টি। ৫২৬ টির জবাব দাখিল করা হয়েছে। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৫ টি, যা সরকারের পক্ষে রায় হয়েছে। অবশিষ্ট মামলার জবাব দাখিলের কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা জড়িত মামলায় সরকার পক্ষে মামলার জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। কনটেম্পট মামলার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. সিনিয়র সহকারী সচিব (আইন) শাখা, নৌপম। |
| ৬. | ডি-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। কিছু দপ্তর/সংস্থা নির্ধারিত নথি এখনো শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করছে না। কিন্তু বিধি মোতাবেক নির্ধারিত নথির শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করা প্রয়োজন। | নির্ধারিত নথির তালিকা অনুযায়ী শতভাগ নথি ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট,<br>৩. ইনোভেশন টিম, নৌপম<br>৪. যুগ্মসচিব, (প্রশাসন) নৌপম। |
| ৭. | তথ্য অধিকার আইন (আরটিআই) | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়। | ১. তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২.মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৮. | নাম পদবি ব্যবহার সংক্রান্ত | বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সম্মতি পাওয়ার পর অর্থ বিভাগের সম্মতি গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করে। অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের লক্ষ্যে ০৭ মে ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত প্রস্তাব উপস্থাপনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টার সম্মতিসহ পুনঃরায় প্রস্তাব প্রেরণের অনুরোধ করে। সে প্রেক্ষিতে মাননীয় উপদেষ্টার সম্মতি গ্রহণ করে গত ০৮.১০.২০২৪ তারিখে পুনঃরায় প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, ১৩.০১.২০২৫ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৪-২৫ অর্থ-বছরের ৫ম সভায় প্রস্তাবটি উত্থাপন করা হলে কমিটি প্রস্তাবটি অনুমোদন করে। সভার কার্যবিবরণী ২২.০১.২০২৫ তারিখে শাখায় পাওয়া গেছে এবং কার্যক্রম চলমান রয়েছে। | ১.মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২.মন্ত্রিপরিষদ বিভাগ থেকে যেকোন অনুশাসন আসার পর দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |
| ৯ | বিবিধ: | | | |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | ৯.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | স্থানীয় সরকার বিভাগের সাথে বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ২২.১১.২০২২ তারিখে এতদসংশ্লিষ্ট কমিটির আহ্বায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গত ২১.০৬.২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সংস্কার ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে গত ১৭.১০.২০২৩ তারিখে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত উপ-কমিটির ১ম সভা ১৫.১১.২০২৩ তারিখে, ২য় সভা ৭.১২.২০২৩ তারিখে এবং ৩য় সভা ০১.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয় এবং গত ৩১.০১.২০২৪ তারিখে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ২য় সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, গত ২১.১১.২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপকমিটি'র সভা অনুষ্ঠিত হয় এবং সভায় সিদ্ধান্ত হয় যে, আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র নিকট উপকমিটি একটি প্রতিবেদন দাখিল করবে। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করবেন। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২.উপসচিব (টিএ), নৌপম। |
| | ৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (প্রশাসন) জানান যে, প্রতিবেদনাধীন মাসে (ডিসেম্বর, ২০২৪) ৩ টি মামলা চলমান রয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থার যে সকল মামলাগুলো ০১ (এক) বছরের অধিক সময় ধরে পেন্ডিং রয়েছে তা আগামী ২ মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। | যে সকল সংস্থায় ২ ডিজিটের এবং ০১ (এক) বছরের অধিক সময় ধরে মামলা পেন্ডিং রয়েছে, তা আগামী ২ মাসের মধ্যে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা),<br>১. সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | ৯.৩ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ সালের বাজেট বাস্তবায়ন | চলতি ২০২৪-২৫ অর্থ-বছরের বাজেটের কার্যক্রম চলমান রয়েছে। বার্ষিক আর্থিক প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২.উপসচিব, বাজেট শাখা, নৌপম |
| | ৯.৪ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন | বিআইডব্লিউটিএ'র বর্তমান অনুমোদিত ৫৪৩২টি পদের অতিরিক্ত ১০১৯৪(১০১১৯+ জোনভিত্তিক ৫টি জোনের ৭৫)টি পদ সৃজনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ০৮.১০.২০২৪ তারিখে অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২৪.১০.২০২৪ তারিখে বিআইডব্লিউটিএ বরাবর প্রেরণ করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে বিআইডব্লিউটিএ'র মাঠ পর্যায়ে জোন ভিত্তিক আঞ্চলিক দপ্তর স্থাপনের প্রস্তাব ১৭.১২.২০২৪ তারিখে টিএ শাখায় পাওয়া গেছে।<br>সভাপতি পদের যৌক্তিকতা বিবেচনা করে কোথায় কত পদ প্রয়োজন তা অনুযায়ী ফ্লোচার্টে তুলে ধরা এবং দপ্তর/সংস্থা গুলোকে মন্ত্রণালয়ের সাথে আলোচনার মাধ্যমে প্রস্তাব পেশ করা জন্য নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো সংক্রান্ত গত ০৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিআইডব্লিউটিএ দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২. উপসচিব/সস (টিএ), নৌপম। |
| | ৯.৫ পাবকের সাংগঠনিক | পায়রা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের জন্য গত ০৫-১০-২০২৩ নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে | ১। পাবক হতে ছক মোতাবেক তথ্যাদি জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে | ১. চেয়ারম্যান |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | কাঠামো হালনাগাদকরণ | প্রস্তাব প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন ক্যাটাগরির ৯৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। অর্থ বিভাগে সম্মতির জন্য রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগে প্রেরণ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক ০৪ এপ্রিল ২০২৪ তারিখে ৯৫ টি পদের মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ০১ (এক)টি পদ স্থায়ীভাবে এবং বিভিন্ন ক্যাটাগরীর ৭২টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপন করেছে।<br><br>গত ১২-০৮-২০২৪ তারিখে বিভিন্ন ক্যাটাগরির ৭২টি পদের বেতনস্কেল নির্ধারণের জন্য অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক গত ২৮-১১-২০২৪ তারিখের পত্রে মোট ৭২টি পদের মধ্য হতে ৬টি পদের যথা- সহকারী হারবার মাস্টার (অপারেশন), জুনিয়র কার্টোগ্রাফার, জুনিয়র হাইড্রোগ্রাফার (ফিল্ড), অডিট সুপারিনটেনডেন্ট, মাস্টার ওয়েল্ডার এবং মাস্টার ফিটারের তথ্যাবলি ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ জানায়। অর্থ বিভাগের ছক মোতাবেক চাহিত তথ্য ২৯-১২-২০২৪ তারিখে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি প্রত্যেক দপ্তর/সংস্থায় কতটি পদ চাওয়া হয়েছে এবং তার বিপরীতে কতটি পদ দেওয়া হয়েছে তা তুলনামূলক ছক অনুযায়ী প্রস্তাব করার নির্দেশনা প্রদান করেন। | প্রেরণ করতে হবে।<br><br>২। অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><br>৩। দপ্তর/সংস্থাগুলোর জন্য কতগুলো পদ প্রস্তাব করা হয়েছে এবং এর বিপরীতে কতগুলো পদের মঞ্জুরী জ্ঞাপন করা হয়েছে, তার বিবরণী নির্ধারিত ছকে প্রস্তুত করতে হবে। | (পাবক)<br><br>২. সিসস, পাবক, নৌপম। |
| | ৯.৬<br><br>বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি | বিআইডব্লিউটিএ'র অনুকূলে নদী বন্দরসমূহের তীরভূমি/ফোরশোর হস্তান্তরের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য ভূমি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সমন্বয়ে গত ১১.০৭.২০২৪ তারিখে অতিরিক্ত সচিব(সংস্থা-১) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>উল্লেখ্য, ফোরশোর হস্তান্তরের বিষয়ে ১৭.১১.২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সমন্বয়ে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ফলোআপ সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৬.১১.২০২৪ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বিআইডব্লিউটিএ ফোরশোর হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে যোগাযোগ রাখছে।<br><br>সভাপতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br><br>২। দ্রুত ফোরশোর হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ)<br><br>২. উপসচিব/সহকারী সচিব (টিএ), নৌপম। |
| ১০ | দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনা পরিশোধ সংক্রান্ত। | বিআইডব্লিউটিএ'র আন্তঃদেনা পাওনা ও অন্য যে কোনো প্রতিষ্ঠানের নিকট দেনা/পাওনা থাকলে তার বিস্তারিত তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ১৯.১১.২০২৪ তারিখে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোনো তথ্য বিআইডব্লিউটিএ প্রেরণ করেনি। ফলে জরুরি ভিত্তিতে উক্ত তথ্য ছক আকারে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ১৯.১২.২০২৪ তারিখে পুনরায় অনুরোধ করা হয়েছে।<br><br>সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ দেনা পাওনার সুনির্দিষ্ট তথ্য এবং এ বিষয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | সকল দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনার নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থাগুলোকে পত্র দিতে হবে যেন তারা আন্ত:দেনা পাওনা পরিশোধ করে। এ বিষয়ে দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট শাখা গুলো থেকে পত্র দিতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br><br>২. উপসচিব, টিসি ও সিনিয়র সহকারী সচিব, টিএ। |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়ন (মধ্যমেয়াদী)। চেয়ারম্যান ঘাট-টু-হাতিয়া ফেরি চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত আলোচনার প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ ও ০৪.০০.০০০০.৫১৪.১৪.০০১.২২.২৩ স্মারকমূলের কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্তটি বাস্তবায়িত মর্মে গণ্য করা হয়। সেপ্রেক্ষিতে সিদ্ধান্তটি কার্যতালিকা হতে বাদ দেয়া যেতে পারে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত হওয়ায় কার্যতালিকা থেকে বাদ দেওয়া হোক। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, টিসি সিনিয়র সহকারী সচিব, টিএ। |
| ১২. | জেলা প্রশাসক সম্মেলন ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন (মধ্যমেয়াদি) যশোরের নওয়াপাড়া নৌবন্দরকে আধুনিকায়ন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ ও ০৪.০০.০০০০.৫১৪.১৪. ০০১.২২.২৩ স্মারকমূলের কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্তটি নিষ্পত্তি মর্মে গণ্য করা হয়। সেপ্রেক্ষিতে সিদ্ধান্তটি কার্যতালিকা হতে বাদ দেয়া যেতে পারে। | সিদ্ধান্তটি নিষ্পত্তি হওয়ায় কার্যতালিকা থেকে বাদ দেওয়া হোক। | ১. সিনিয়র সহকারী সচিব, টিএ |
| ১৩. | পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল কার্যক্রম গতিশীলকরণ । | গত ২৬/০১/২০২৫ তারিখ পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। চট্টগ্রাম পানগাঁও নৌপথে জাহাজ ভাড়াসহ অন্যান্য প্রতিবন্ধকতার বিষয়ে এ সভায় আলোচনা হয়। সভাপতি পানগাঁও টার্মিনালে কটন ওয়্যার হাউজের সুবিধা স্থাপনের উপর গুরুত্বারোপ করেন এবং টার্মিনালটি গতিশীল করার লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারনের জন্য নির্দেশনা প্রদান করেন। | পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল কার্যক্রম গতিশীলকরণ করতে হবে। | উপসচিব (চবক) |

১৪। অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/
০৩-০২-২০২৫
মোহাম্মদ ইউসুফ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৪(খন্ড-৩)-১৪২ তারিখঃ ০৬.০২.২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। চেয়ারম্যান, মোবক/জাতীয় নদী রক্ষা কমিশন/বিআইডব্লিউটিএ/বাস্থবক/চবক/পাবক/বিআইডব্লিউটিসি
২। অতিরিক্ত সচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম
৫। যুগ্মসচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/সিলেট/রংপুর
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম

৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম/মাদারীপুর
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ এবং রেকর্ডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৬/০২/২০২৪

মো: আব্দুল আউয়াল
সিনিয়র সহকারী সচিব